
# প্রদত্ত পরিবার এবং কর্মীদের জন্য সাহায্য ব্যবস্থার দিকনির্দেশিনা




## পরিবারের জন্য ব্যবস্থা

**জরুরী অর্থ সরবরাহ ( REDDITO DI EMERGENZA )**
যেসব একক পরিবার ইতালিতে আবাসন বা রেসিডেন্ট সম্পর্কিত নির্দিষ্ট প্রয়োজনীয় বিষয়গুলো উপস্থাপন করতে পারবে তারা দুই মাসের জন্য প্রদানযোগ্য €৪০০ থেকে €৮০০ ইউরো অর্থ সাহায্য পেতে পারে, যেমন পারিবারিক উপার্জন REM ( REDDITO DI EMERGENZA ) এর চেয়ে কম; অস্থাবর সম্পত্তি €১০ হাজার ইউরোর কম ( একক পরিবারের গঠনের উপর এবং প্রতিবন্ধী ব্যাক্তির উপস্থিতি বা অনুপস্থিতির উপর ভিত্তি করে সর্বোচ্চ €২০ হাজার ইউরো পর্যন্ত ); Isee €১৫ হাজার ইউরোর কম।

**বেবি সিটার বোনাস ( BONUS BABY SITTER )**
- শিক্ষাবিষয়ক কেন্দ্র এবং পরিষেবাগুলোতে নিবন্ধনের প্রমাণ দেখিয়ে অথবা বেবি সিটিং এর অর্থ প্রদান করার জন্য সরাসরিভাবে আবেদনকারী কে € ১২০০ ইউরো প্রদান করা হবে ।
- যেসব বাবা মা " ঝুঁকিপূর্ণ " কাজ যেমন : ডাক্তার, নার্স , স্বাস্থ্যকর্মীর কাজ করবেন, তাদের জন্য €২০০০ ইউরো দেওয়া হবে।

**ছুটির বোনাস ( BONUS VACANZE )**
যেসব পরিবারের Isee €৪০ হাজার ইউরোর বেশি না, তাদের সাহায্যার্থে অর্থ প্রদান করা হবে । একক পরিবারের শুধুমাত্র একজন সদস্য সর্বোচ্চ €৫০০ ইউরোর জন্য আবেদন করতে পারে(২ জন সদস্যের পরিবারের জন্য €৩০০ ইউরো এবং একজন ব্যাক্তির জন্য €১৫০ ইউরো )। এর ৮০% ডিসকাউন্ট হিসেবে ব্যবহারযোগ্য এবং ২০% কেটে নেওয়া হবে ।

**বিশেষ অনুপস্থিতির ছুটি (CONGEDO STRAORDINARIO)**
- ২০২০ সালের ৫ মার্চ থকে ২১ জুলাই পর্যন্ত, বেসরকারী খাতে কর্মরত পিতামাতারা তাদের ১২ বছর বা তার কমবয়সী সন্তানদের জন্য একটি নির্দিষ্ট অনুপস্থিতির ছুটি কাটানোর অধিকার রাখেন, এর জন্য তাদের কে বেতনের ৫০% এর সমান ভাতা দেওয়া হবে ।
- ১৬ বছরের নীচের অপ্রাপ্তবয়স্ক সন্তানদের ক্ষেত্রে ২০২০ সালের জন্য সামার ক্যাম্পগুলির খরচে ছাড় দেওয়া হয়েছে (€৩৬.০০০ হাজার ইউরোর নীচে বার্ষিক উপার্জনের জন্য €৩০০ ইউরো পর্যন্ত )

**104/92 আইনানুসারে কাজের পেরমেসসোর উপর অর্থ প্রদান ( PERMESSI LAVORATIVI RETRIBUITI LEGGE 104/92 )** সরকারি অনুদানের আওতায় বেতন প্রদান যোগ্য মাসিক ছুটির দিন অতিরিক্ত ১২ দিন বাড়ানো হবে ।

**স্মার্ট ওয়ার্কিং ( SMART WORKING )**
প্রাইভেট সেক্টরে কাজে নিযুক্ত যেসব বাবা মায়ের ১৪ বছরের নীচে অপ্রাপ্তবয়স্ক সন্তান রয়েছে, তাদের দূরত্বে থেকে কাজ করার সুযোগ।

**মবিলিটি বা সক্রিয়তা বোনাস ( BONUS MOBILITÀ)**
ট্র্যাডিশনাল বা ইলেকট্রিক বাইসাইকেল, অথবা অন্য যে কোন কিছু কেনার জন্য সর্বোচ্চ € ৫০০ ইউরো পর্যন্ত ব্যয়ের ৬০% পর্যন্ত ফেরত দেওয়া হবে। কমুনে বা পৌরসভায় বসবাসকারী ৫০,০০০ এর ও বেশি প্রাপ্তবয়স্ক কোন নাগরিক শুধু একবারই এর জন্য আবেদন করতে পারবেন

**বাস/মেট্রো/ট্রেনের এককালীন টিকেটের টাকা ফেরত দেওয়া হবে (RIMBORSO ABBONAMENTI BUS/METRO/TRENO )**, যা মার্চের ১০ তারিখের মধ্যে ক্রয় করা হয়েছে এবং ব্যবহার করা হয়নি, এরকম এককালীন টিকেটের জন্য সমপরিমাণ অর্থ ।

# নারী এবং পুরুষ কর্মীদের জন্য ব্যবস্থা

এপ্রিল ও মে মাসের জন্য **গৃহকর্মী এবং শুশ্রুষাকারীদের বোনাস ( COLF এবং BADANTI)** ৫০০ ইউরো : ২৩ ফেব্রুয়ারী, ২০২০ সাল থেকে এক বা একাধিক কাজের চুক্তিবদ্ধ এবং সপ্তাহে মোট ১০ ঘন্টার বেশি কাজ করে এমন গৃহকর্মীদের জন্য সংরক্ষিত ।

**৬০০ ইউরো বোনাস (BONUS 600 euro)**
তালিকাভুক্ত নন এমন পেশাদার ব্যাক্তিদেরকে এপ্রিল মাসের জন্য ৬০০ ইউরো বোনাস দেওয়া হবে , পৃথক ব্যবস্থাপনায় সমন্বিত এবং অবিচ্ছিন্ন সহযোগিতাকারী, কারীগর, ব্যাবসায়ী, প্রত্যক্ষ উৎপাদনকারী, পর্যটন ও স্পা প্রতিষ্ঠানে মৌসুমী কর্মী, বিনোদন খাতে শ্রমিক, কৃষি শ্রমিক, অন্তর্বর্তী শ্রমিক এবং গৃহকর্মের দায়িত্বে নিয়োজিত শ্রমিক। মার্চ মাসের জন্য যারা বোনাস পেয়েছে, তাদেরকে পরবর্তীতে বোনাসটি স্বয়ংক্রিয়ভাবে প্রদান করা হবে ।

**১০০০ ইউরো বোনাস (BONUS 1000 euro )**
নিম্নলিখিত প্রয়োজনীয় বিষয়গুলো পূরণকারী শ্রমিকরা মে মাসের জন্য ১০০০ ইউরো পাওয়ার অধিকার রাখেন :

১)কাজের সাথে যুক্ত যেসব ব্যাক্তি Dl rilancio ডিক্রির কার্যকরীতা শুরু হবার তারিখের(১৯ মে)মধ্যে কাজের সাথে সম্পর্ক সমাপ্ত করেছে ।
২) যাদের partita IVA আছে এবং ১৯ মে তারিখে ও সক্রিয় ছিলেন এবং ২০২০ সালের এপ্রিল মাসে, ২০১৯ এর এপ্রিল মাসের তুলনায় দুই তৃতীয়াংশেরও কম পরিমাণ ফাতুরা এবং ফি অর্জন করেছে ।

যদি আপনার সাহায্য প্রয়োজন হয়, তাহলে এমপোলি, প্রাতো, কাম্পি বিসেঞ্জিও, ফিরেঞ্জে আমাদের কম্যুনিটি সেন্টারে যোগাযোগ করুন, সেখানে অপরাটেররা আপনাকে কোথায় এবং কিভাবে আবেদন করতে হবে সে সম্পর্কে নির্দেশনা দিবে ।

**Empoli – Sportello Donyasso**, Via Tripoli 11
**Telefono fisso:** 0575/1825630 – সোমবার এবং শুক্রবার বিকেল ২ টা থেকে – ৬ টা পর্যন্ত খোলা থাকবে । এই সময়ের মধ্যে আপনি তথ্য জেনে নিতে পারবেন অথবা একজন অপারেটরের সাথে এবং প্রয়োজন হলে একজন কম্যুনিটি সাহায্যকারীর সাথে ও ভার্চুয়াল সাক্ষাৎকারের জন্য এপয়েন্টমেন্ট নিতে পারবেন।
**email: sportellodonyasso@oxfam.it**
**Wechat:** wechat sportello Donyasso চ্যানেলের ID: **wxid_o4gz8tnuzh9a22** – সোমবার অথবা বুধবার সকাল ৯ টা থেকে – ১ টা পর্যন্ত খোলা থাকবে
**ফেসবুক পেজ :** https://www.facebook.com/asev.empoli/

**Prato – Sportello dell'Associazione Cieli Aperti**, Via Marengo 51
cell: 3898475801
email: info@cieliaperti.it
**ফেসবুক পেজ** : https://www.facebook.com/associazionecieliapertionlus/

**Campi Bisenzio – Sportello Naviganti** della Cooperativa Macramè, Via Giusti 7
cell: **3938917156**
email: naviganti@coopmacrame.it
Wechat sportello Naviganti চ্যানেলের ID: **wxid_jysot124d33i22**
**ফেসবুক পেজ** : https://www.facebook.com/cooperativa.macrame/

**Firenze – Sportello presso il Centro Metropolis**, Via Liguria 4 (Le Piagge)
cell: 3938839538 – সোমবার থেকে শুক্রবার সকাল ১০ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত খোলা থাকবে
email centropolivalente.metropolis@gmail.com

In collaborazione con: macramé, il piccolo principe cooperativa sociale, cooperativa sociale PANE e ROSE Didattica e Formazione